## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৪৫/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২৫ জানুয়ারি ২০১৮, ১২ মাঘ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ভোলায় রাষ্ট্রপতি : বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন

২। কর্মসংস্থান ও বিনিয়োগ আকর্ষণে বেপজার ভূমিকা গুরুত্বপূর্ণ : প্রধানমন্ত্রী

৩। বাংলাদেশের দ্রুত উন্নয়ন সমগ্র বিশ্বে প্রশংসা অর্জন করেছে : সংসদে প্রধানমন্ত্রী

৪। দশ বছরে ৬ লাখ ৬৫০৩ কোটি টাকা ঋণ সুবিধা পেয়েছে ৮৭৯১ প্রতিষ্ঠান : সংসদে অর্থমন্ত্রী

৫। রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা আজ : স্পিকারের সাথে সিইসি'র সাক্ষাৎ

৬। নারীর নিরাপত্তার বিষয়টি পরিবার থেকে শুরু করতে হবে : স্পিকার

৭। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১৬ ক্রয় প্রস্তাব অনুমোদন

৮। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের স্বীকৃতির বিষয়ে সনদ পাঠিয়েছে ইউনেস্কো

৯। শিল্পমন্ত্রীর সাথে ইইউ রাষ্ট্রদূতের সাক্ষাৎ : কারিগরি দক্ষতা বৃদ্ধিতে সহায়তা অব্যাহত রাখার আশ্বাস

১০। মান সনদের অপব্যবহারের বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক করলেন শিল্পমন্ত্রী

১১। পোশাকশিল্প সহায়ক পণ্য নিয়ে আয়োজিত চার দিনব্যাপী গ্যাপেক্সপো শুরু

চলমান পাতা-২

**১। ভোলায় রাষ্ট্রপতি : বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন**

ভোলার চরফ্যাশনে আইফেল টাওয়ারের আদলে নির্মিত দক্ষিণ-পূর্ব এশিয়ার সুউচ্চ ও দৃষ্টিনন্দন জ্যাকব টাওয়ার গতকাল (২৪ জানুয়ারি বুধবার) উদ্বোধন করলেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। একই সময় তিনি অধ্যক্ষ নজরুল ইসলাম ডিগ্রি কলেজ, রহিমা ইসলাম ডিগ্রি কলেজ, অধ্যক্ষ নজরুল ইসলাম টিচার্স টেনিং কলেজ ও রসুলপুর-এওয়াজপুর মৈত্রী সেতুর উদ্বোধন করেন। এরপর সরকারি টিবি মাধ্যমিক বিদ্যালয় মাঠে সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন রাষ্ট্রপতি। এ সময় তিনি বলেন, জ্যাকব টাওয়ার উদ্বোধনের মধ্য দিয়ে দেশের পর্যটন শিল্পের নতুন দিগন্তের সূচনা হলো। সূত্র : **সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫),**ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**২। কর্মসংস্থান ও বিনিয়োগ আকর্ষণে বেপজার ভূমিকা গুরুত্বপূর্ণ : প্রধানমন্ত্রী**

বিনিয়োগ আকর্ষণ, পণ্যের বহুমুখীকরণের মাধ্যমে রফতানি বৃদ্ধি, নতুন কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নে দেশের রফতানি প্রক্রিয়াকরণ অঞ্চলগুলো (বেপজা) গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৪ জানুয়ারি বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে বেপজা আন্তর্জাতিক বিনিয়োগ সম্মেলন ২০১৮-এর উদ্বোধনকালে এ কথা জানান তিনি। ইপিজেডগুলো সফলভাবে পরিচালনায় বেপজার ভূমিকায় সন্তোষ প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, ইপিজেডের মতো অর্থনৈতিক অঞ্চল পরিচালনায়ও সাফল্যের পরিচয় দেবে বেপজা। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৩। বাংলাদেশের দ্রুত উন্নয়ন সমগ্র বিশ্বে প্রশংসা অর্জন করেছে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ আজ উন্নয়নের গতিধারায় দ্রুত এগিয়ে যাচ্ছে। সমগ্র বিশ্বও তার স্বীকৃতি দিচ্ছে। তবে দেশের কিছু মানুষ এই উন্নয়ন ও অগ্রগতি চোখে দেখে না। তথাকথিত সুশীল সমাজের সমালোচনা করে প্রধানমন্ত্রী বলেন, দেশের উন্নয়ন না দেখাটা এক ধরনের অসুস্থতা, কারণ তাদের দৃষ্টি রয়ে গেছে অবৈধভাবে ক্ষমতা দখলের দিকে। গতকাল (২৪ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদে প্রধানমন্ত্রী কর্তৃক উত্তরদানের জন্য নির্ধারিত 'প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর পর্বে' এক সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৪। দশ বছরে ৬ লাখ ৬৫০৩ কোটি টাকা ঋণ সুবিধা পেয়েছে ৮৭৯১ প্রতিষ্ঠান : সংসদে অর্থমন্ত্রী**

গত দশ বছরে দশ কোটি টাকার বেশি ঋণ নিয়েছে আট হাজার ৭৯১ ব্যক্তি বা প্রতিষ্ঠান। দেশের ৯১টি তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে তাদের মোট ছয় লাখ ছয় হাজার ৫০৩ কোটি ঋণ দেওয়া হয়েছে। যার মধ্যে ৬৫ হাজার ৬০২ কোটি টাকা আদায় করা সম্ভব হয়নি। গতকাল (২৪ জানুয়ারি বুধবার) জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৫। রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা আজ : স্পিকারের সাথে সিইসি'র সাক্ষাৎ**

রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল আজ ঘোষণা করা হবে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা। গতকাল (২৪ জানুয়ারি বুধবার) সংসদ ভবনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.২)।

**৬। নারীর নিরাপত্তার বিষয়টি পরিবার থেকে শুরু করতে হবে : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, নারীর নিরাপত্তা নিশ্চিত করতে হলে প্রথমে পরিবারে তার নিরাপত্তা নিশ্চিত করতে হবে। তিনি বলেন, পরিবারে নিরাপত্তা নিশ্চিত হওয়ার পর যানবাহনের নিরাপত্তার বিষয়টি আসবে। এরপর নারীর কর্মক্ষেত্রে তার সুষ্ঠু কর্মপরিবেশ নিশ্চিত করার কাজ করতে হবে। তবেই একজন

নারী সমাজে তার সমঅধিকার প্রতিষ্ঠা করতে পারবে। গতকাল (২৪ জানুয়ারি বুধবার) রাজধানীর একটি হোটেলে ‘ইউএন উইমেন’র সহযোগিতায় বাংলাদেশ নারী প্রগতি সংঘের উদ্যোগে আয়োজিত ‘ন্যাশনাল কনসালটেশন মিটিং অন উইমেন, পিস অ্যান্ড সিকিউরিটি’ বিষয়ক এক পরামর্শ সভায় প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬)।

**৭। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১৬ ক্রয় প্রস্তাব অনুমোদন**

বৈদেশিক উৎস থেকে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে এক লাখ মেট্রিক টন সিদ্ধ চাল, ১৪ লাখ মেট্রিক টন জ্বালানি তেল এবং টিএসপি ও ইউরিয়া সার আমদানিসহ ১৬টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (২৪ জানুয়ারি বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

**৮। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের স্বীকৃতির বিষয়ে সনদ পাঠিয়েছে ইউনেস্কো**

জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের স্বীকৃতির ওপর ৫টি সনদ বাংলাদেশের কাছে পাঠিয়েছে। সংস্থাটির মহাপরিচালক স্বাক্ষরিত ৫টি সনদ সম্প্রতি ফ্রান্সে বাংলাদেশের রাষ্ট্রদূত ও ইউনেস্কোয় বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি কাজী ইমতিয়াজ হোসেনের মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয় বলে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম গতকাল (২৪ জানুয়ারি বুধবার) সাংবাদিকদের একথা জানান। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে বিশ্বের প্রামাণ্য ঐতিহ্যের (ডকুমেন্টারি হেরিটেজ) অংশ হিসেবে স্বীকৃতিতে বিশেষ অবদানের জন্য ৫টি সংস্থার কাছে এ সনদ হস্তান্তর করা হবে। এ সংস্থাগুলো হচ্ছে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ বেতার, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, মুক্তিযুদ্ধ জাদুঘর ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**৯। শিল্পমন্ত্রীর সাথে ইইউ রাষ্ট্রদূতের সাক্ষাৎ : কারিগরি দক্ষতা বৃদ্ধিতে সহায়তা অব্যাহত রাখার আশ্বাস**

আঞ্চলিক অঙ্গীভূতকরণ কর্মসূচির আওতায় বাংলাদেশের শিল্পখাতে কারিগরি দক্ষতা বাড়াতে ইউরোপীয় ইউনিয়নের সহায়তা অব্যাহত থাকবে বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপিয়ান ইউনিয়নের রাষ্ট্রদূত মিজ রেঞ্জে টিরিঙ্ক। গতকাল (২৪ জানুয়ারি বুধবার) শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সঙ্গে বৈঠককালে তিনি এ কথা জানান। বৈঠকে শিল্পমন্ত্রী বলেন, গার্মেন্টস দুর্ঘটনার পর বাংলাদেশ বিদ্যমান শ্রম আইন সংশোধন করে যুগোপযোগী করেছে। তিনি শিল্পখাতে কারিগরি দক্ষতা বৃদ্ধিতে ইইউ’র কারিগরি সহায়তা চান। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

**১০। মান সনদের অপব্যবহারের বিষয়ে সতর্ক করলেন শিল্পমন্ত্রী**

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ডের (বিএবি) ‘অ্যাক্রেডিটেশন সনদ’ অর্জন করল জাতীয় মান নির্ধারণী প্রতিষ্ঠান বাংলাদেশ স্ট্যান্ডার্ডস্ এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)। আন্তর্জাতিক মান ও অবকাঠামো অনুসরণের জন্য বিএসটিআই এর বায়োলজিক্যাল, কেমিক্যাল ও মেকানিক্যাল ল্যাবরেটরি এ সনদ পেল। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু গতকাল (২৪ জানুয়ারি বুধবার) শিল্প মন্ত্রণালয়ে আনুষ্ঠানিকভাবে বিএসটিআই মহাপরিচালকের হাতে এ সনদ তুলে দেন। বর্তমানে বিএসটিআই অর্জিত অ্যাক্রেডিটেশন সনদের যাতে কোনো অপব্যবহার না হয়, সেজন্য তিনি প্রতিষ্ঠানটির কর্মকর্তা-কর্মচারীদের সতর্ক করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫)।

**১১। পোশাকশিল্প সহায়ক পণ্য নিয়ে আয়োজিত চার দিনব্যাপী গ্যাপেক্সপো শুরু**

ঢাকার বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সিটিতে চারদিনব্যাপী পোশাক খাতের গ্যাপেক্সপো মেলার উদ্বোধন করা হয়েছে। এবারের মেলায় গার্মেন্টস খাতের এক্সেসরি ও প্যাকেজিং পণ্য প্রদর্শন করা হচ্ছে। অর্থমন্ত্রী

আবুল মাল আবদুল মুহিত গ্যাপোক্সপো মেলার উদ্বোধন করে বলেন, বর্তমান সরকার দারিদ্র্য নিরসনে সব ধরনের উদ্যোগ নিয়েছে। দারিদ্র্য নিরসন করতে হলে শিল্পায়ন, রপ্তানি ও কর্মসংস্থান বাড়ানো প্রয়োজন। সরকারের উদ্যোগে দেশে দারিদ্র্য কমছে বলে তিনি উল্লেখ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** ঢাকা নিউমার্কেট ব্যবসায়ী সমিতির সড়ক অবরোধ করে বিক্ষোভ করায় জনদুর্ভোগের বিষয় তুলে ধরে কর্মদিবসে প্রতিবাদের জন্য ঢাকার রাজপথ ব্যবহার করার মানসিকতার পরিবর্তন প্রয়োজন বলে অভিমত।

**খ.** **জনকণ্ঠ :** 'সুষম প্রবৃদ্ধি ও উন্নয়ন প্রতিবেদন-২০১৮' শীর্ষক প্রতিবেদনে বাংলাদেশের আবস্থান তুলে ধরে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে কর্মসংস্থান সৃষ্টির জন্য দেশি-বিদেশি বিনিয়োগ ও শিল্পায়নের ওপর জোর দেয়ার আহ্বান।

**গ.** **সংবাদ :** ঘর পোড়ানোর ছয় মাস পরও রাঙামাটির লংগদুর ২১২ পাহাড়ি পরিবার সরকারি আশ্বাস অনুযায়ী নতুন ঘর না পাওয়ার বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আমলে নেওয়ার প্রত্যাশা।

**ঘ.** **সমকাল** : কারাগারে 'আসামি খোরাকি'র টাকা আত্নসাৎ করার পরিপ্রেক্ষিতে অবিলম্বে আসামিদের নিয়মমাফিক খাবার সরবরাহ শুরু এবং অর্থ আত্নসাৎকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঙ.** **ডেইলি স্টার :** গার্মেন্টস ও চামড়া শিল্পের বর্জ্য যথাযথভাবে ব্যবস্থাপনার দ্বারা পরিবেশ দূষণ প্রতিহত করার আহ্বান।

**চ.** **ডেইলি সান, নিউজ টুডে :** রাজধানী ও এর আশপাশের সকল পুকুর, লেক, খাল ও নদীগুলোকে দখল ও দূষণমুক্ত করে রাজধানীকে বসবাসযোগ্য রাখার প্রত্যাশা।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** দেশের প্রবীণ নাগরিকদের সমাজে উপেক্ষিত না রেখে বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত রেখে তাদের নিরাপদ ও স্বস্তির সাথে জীবনে চলার পথ করে দেওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, তিস্তা নদীর পানি বন্টন নিয়ে অন্তবর্তীকালীন চুক্তি নয়, তিস্তা নিয়ে স্থায়ী চুক্তি হওয়া দরকার ।

**নিবন্ধ ও ফিচার**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'প্রচলিত আইনে ভূমি সমস্যার সমাধান চাই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রচলিত ও প্রযোজ্য আইনগুলো যথাযথ প্রয়োগ করে পার্বত্য চট্টগ্রামের স্থায়ী বাসিন্দাদের নিজ নিজ ভূমি ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করতে হবে।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/ ২০১৮